

বঙ্গবন্ধুর ভাষণ মেমোরি অব ওয়ার্ল্ড রেজিস্টারে অন্তর্ভুক্ত করায় ইউনেস্কোকে ধন্যবাদ জানালেন শিক্ষামন্ত্রী

## রোহিঙ্গাদের দেশে ফেরত নিতে চাপ অব্যাহত রাখার আহবান

প্যারিস, ০৪ নভেম্বর

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টারে অন্তর্ভুক্ত করায় ইউনেস্কো এবং এর মহাপরিচালক ইরিনা বোকোভাকে ধন্যবাদ জানিয়েছেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী মুরগু ইসলাম নাহিদ। শিক্ষামন্ত্রী আজ ফ্রান্সের রাজধানী প্যারিসে ইউনেস্কো সদর দপ্তরে ইউনেস্কো'র ৩৯তম সাধারণ সম্মেলনে বক্তৃতা করছিলেন।

ইউনেস্কো'র প্রতি বাংলাদেশের সমর্থন পুনর্বর্ত্ত করে শিক্ষামন্ত্রী বলেন, বাংলাদেশ আঘওলিক ও বিশ্বশান্তি রক্ষায় প্রতিশ্রূতিবদ্ধ। শান্তি ও মানবতার প্রতি বাংলাদেশের প্রতিশ্রূতির অংশ হিসেবে জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমানের প্রায় এক মিলিয়ন নাগরিককে বাংলাদেশ আশ্রয় দিয়েছে। তিনি জাতিসংঘের ৭২তম অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেয়া ভাষণে উল্লেখিত ৫-দফা পরিকল্পনার ভিত্তিতে বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের তাদের দেশে ফেরত নিতে চাপ অব্যাহত রাখার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহবান জানান।

শিক্ষামন্ত্রী তাঁর বক্তব্যে শিক্ষাক্ষেত্রে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলিক তুলে ধরেন। বিশেষ করে নারী শিক্ষা, লিঙ্গসমতা, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তনের প্রতি সহনীয়তা ইত্যাদি বিষয় তুলে ধরেন।

উল্লেখ্য, শিক্ষামন্ত্রী ইউনেস্কো'র ৩৯তম সাধারণ সম্মেলনে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন। অন্যান্যের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব মো. মনজুর হোসেন প্রতিনিধি দলে রয়েছেন।

মোহাম্মদ আফরাজুর রহমান  
সিনিয়র তথ্য অফিসার  
শিক্ষা মন্ত্রণালয়  
মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯